গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ৯৬

# নতুন কুঁড়ির ঢাকা পর্বের জন্য চূড়ান্ত হলো রাজশাহী বিভাগের ১২০ প্রতিযোগী

রাজশাহী: ২৩ আশ্বিন (০৮ অক্টোবর):

আঞ্চলিক ও বিভাগীয় বাছাইয়ের বাধা পেরিয়ে নতুন কুঁড়ি ২০২৫ এর ঢাকা পর্বের অডিশনের জন্য চূড়ান্ত মনোনয়ন পেয়েছে রাজশাহী বিভাগের ১২০ প্রতিযোগী। ৪ থেকে ৮ অক্টোবর পর্যন্ত রাজশাহী শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত বিভাগীয় বাছাইয়ের মাধ্যমে এই ১২০ জন শিল্পীকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়।

দেশব্যাপী শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণের অংশ হিসেবে বিটিভির জনপ্রিয় অনুষ্ঠান 'নতুন কুঁড়ি' পুনরায় শুরু করার সিদ্ধান্ত নেয় সরকার। সেই সিদ্ধান্তের আলোকে সারা দেশকে ১৯টি অঞ্চলে বিভক্ত করে শুরু হয় প্রাথমিক বাছাই। রাজশাহী বিভাগের রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনার প্রতিযোগীরা রাজশাহী-১ অঞ্চলে এবং বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও সিরাজগঞ্জের প্রতিযোগীরা রাজশাহী-২ অঞ্চলে প্রাথমিক বাছাইয়ে অংশ নেয়। রাজশাহী ও বগুড়া জেলা শিল্পকলা একাডেমি ছিল যথাক্রমে রাজশাহী-১ ও রাজশাহী-২ অঞ্চলের ভেন্যু। ভেন্যু দুটি থেকে ৪৩৩ জন প্রতিযোগী বিভাগীয় বাছাইয়ের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছিল। সেখান থেকে ১২টি ইভেন্টের প্রতিটির ক ও খ শাখাতে ৫ জন করে মোট ১২০ জন ঢাকা পর্বের জন্য মনোনীত হয়েছে। এবারের নতুন কুঁড়ির ইভেন্টগুলো হচ্ছে- অভিনয়, আবৃত্তি, গল্পবলা, কৌতুক, সাধারণ নৃত্য, উচ্চাঙ্গ নৃত্য, দেশাত্মবোধক গান, আধুনিক গান, নজরুল সংগীত, রবীন্দ্র সংগীত, লোকসংগীত এবং হামদ-না'ত। বিভাগীয় পর্যায়ে নির্বাচিতরা ঢাকায় অন্যান্য বিভাগের নির্বাচিতদের সাথে প্রতিযোগিতা করবে।

রাজশাহী বিভাগীয় বাছাইয়ের শেষ দিনে আজ (৮ অক্টোবর) অডিশনে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্মসচিব কাজী জিয়াউল বাসেত। এসময় রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান, জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন, সিনিয়র তথ্য অফিসার মো. আতিকুর রহমান শাহ্‌সহ বিটিভির কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

---------------------------------------

আলীম/তৌহিদ/আতিক/২০২৫/১৬.৩০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd